

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৬০৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মানুষ চলাচলের রাস্তায় কংকর জমা করে অথবা পাথর বিন্যস্ত করে সালাত আদায় করার ব্যবস্থা করে দেয়, মহান আল্লাহ তাকেও জান্নাতে প্রবেশ করাবেন, এই মর্মে হাদীস

ذَكَرُ الْخَبَرَ الدَّالِّ عَلَى أَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا يُدْخِلُ الْمَرْءَ الْجَنَّةَ بِبُنْيَانِهِ مَوْضِعَ السُّجُودِ فِي طُرُقِ السَّابِلَةِ بِحَصَى يَجْمَعُهَا أَوْ حِجَارَةً يُنْضِدُهَا وَإِنْ لَمْ يَكُنْ بَنَى الْمَسْجِدَ بِتَمَامِهِ

আরবী

1608 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ حَدَّثَنَا قُطَيْبَةُ بْنُ عَبْدِ الْعَزِيزِ عَنِ الْأَعْمَشِ عَنِ إِبْرَاهِيمَ التَّمِيمِيِّ عَنِ أَبِيهِ عَنِ أَبِي ذَرٍّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ بَنَى لِلَّهِ مَسْجِدًا وَلَوْ كَمَفْحَصِ قِطَاةٍ بَنَى اللَّهُ لَهُ بَيْتًا فِي الْجَنَّةِ)

الراوي : أبو ذرِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1608 | خلاصة حكم المحدث: صحيح - ((الروض)) - أيضاً ، ((تمام المنة)) (ص 279).

বাংলা

১৬০৮. আবু যার রাহিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি আল্লাহর জন্য একটি মসজিদ নির্মাণ করবে, যদিও তা বুনো কবুতরের বাসার ন্যায় হয়, মহান আল্লাহ তার জন্য জান্নাতে একটি প্রাসাদ তৈরি করবেন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩১০; তাবারানী আস সাগীর: ২/১৩৮; সুনান বাইহাকী: ২/৪৩৭; আত তায়ালিসী: ৪৬১; তাহাবী, মুশকিলুল আসার: ১৬০৮; মুসনাদুশ শিহাব: ৪৭৯; বাযযার: ৪০১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তামামুল মিন্নাহ: ২৭৯ পৃষ্ঠা)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91202>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন